

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৪৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

الفصلُ الثَّنِيُّ (بَابُ أَشْرَاطِ السَّاعَةِ)

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ حَوَالَةَ قَالَ: بَعْثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِنَفْنَمَ عَلَى أَقْدَامِنَا فَرَجَعْنَا فَلَمْ نَغْنِمْ شَيْئًا وَعَرَفَ الْجَهَدَ فِي وجوهِنَا فَقَامَ فِينَا فَقَالَ: «اللَّهُمَّ لَا تَكِلْهُمْ إِلَيَّ فَأَضْعُفَ عَنْهُمْ وَلَا تَكِلْهُمْ إِلَيْ أَنفُسِهِمْ فَيَعْجِزُوا عَنْهَا وَلَا تَكِلْهُمْ إِلَى النَّاسِ فَيَسْتَأْثِرُوا عَلَيْهِمْ» ثُمَّ وَضَعَ يَدَهُ عَلَى رَأْسِي ثُمَّ قَالَ: «يَا ابْنَ حَوَالَةَ إِذَا رَأَيْتَ الْخِلَافَةَ قَدْ نَزَلتِ الْأَرْضَ الْمُقَدَّسَةَ فَقَدْ دَنَتِ الزَّلَازِلُ وَالْبَلَابِلُ وَالْأَمْوَارُ الْعِظَامُ وَالسَّاعَةُ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنَ النَّاسِ مِنْ يَدِي هَذِهِ إِلَى رَأْسِكَ». رَوَاهُ أَبُو دَاؤُدُ

اسناده حسن ، رواه أبو داود (2535) [و صححه الحاكم (4 / 425) و وافقه الذهبي]

(ضعيف)

বাংলা

৫৪৪৯-[১৩] 'আবদুল্লাহ ইবনু হাওয়ালাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রাসূলুল্লাহ (সা.) এ গনীমতের সম্পদ লাভ করার জন্য আমাদেরকে পদাতিক বাহিনী হিসেবে এক অভিযানে পাঠালেন। আমরা এমন অবস্থায় ফিরে আসলাম যে, আমরা গনীমতের কিছুই লাভ করতে পারিনি। তিনি আমাদের চেহারায় ক্লান্তি ও দুর্বলতার ছাপ দেখতে পেয়ে আমাদের মাঝে (বক্তৃতার উদ্দেশ্যে) দাঁড়িয়ে বললেন, হে আল্লাহ! তাদের দায়িত্ব এভাবে আমার ওপর অর্পণ করো না যে, আমি তাদের পক্ষ হতে তা বহন করতে দুর্বল হয়ে পড়ি। (হে আল্লাহ!) তাদের ওপর এমন কাজের দায়িত্ব অর্পণ করো না যা সমাধা করতে তারা অক্ষম হয়ে পড়ে। (হে আল্লাহ!) তাদেরকে অন্য লোকের ওপরও অর্পণ করো না। কেননা তারা নিজেদের প্রয়োজনকে তাদের প্রয়োজনের উপর গুরুত্ব দেবে। বর্ণনাকারী বলেন, অতঃপর তিনি (সা.) আমার মাথার উপর স্বীয় হাত রেখে বললেন, হে ইবনু হাওয়ালাহ্! যখন তুমি দেখবে

খিলাফত (মদীনাহ্ হতে স্থানান্তরিত হয়ে) পাবিত্র ভূমিতে (সিরিয়ায়) পৌছে গেছে, তখন তুমি বুঝে নিবে যে, ভূমিকম্প, দুঃখ-দুর্দশা, বড় বড় নির্দৰ্শনসমূহ ও ফিতনা-ফাসাদ খুবই কাছে এসে গেছে এবং আমার এই হাত তোমার মাথা থেকে যত নিকটে, কিয়ামত সেদিন এটা অপেক্ষাও অতি কাছাকাছি হবে। (আবু দাউদ)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ২৫৩৫, সহীহ আবু দাউদ ২২৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মদীনাহ্ হতে সিরিয়া পর্যন্ত খিলাফত বিস্তৃতি লাভ করবে যেমনটা বানু উমাইয়্যার রাজত্ব প্রতিষ্ঠিত হয়েছিল। অতঃপর কিয়ামত প্রকল্পের পূর্বক্ষণে (ইসরাফীল-এর প্রথম ফুৎকারে) প্রচণ্ড বেগে ভূমিকম্প হবে। আল্লাহ তা'আলা বলেন, “যখন জমিনকে প্রকস্পিত করা হবে”- (সূরাহ্ আহ্ যিলযাল ১৯: ১)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু হাওয়ালাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85427>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন